



**নিবন্ধন ও ছাড়পত্র সংক্রান্ত বিজ্ঞপ্তি**

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/২০৩৭

তারিখ : ২০/০২/২০২০

বিষয় : বিদ্যালয়ে ৮ম ও ৯ম শ্রেণিতে নিবন্ধনকরণ এবং ছাড়পত্র প্রদানে।


বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষকদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে, জেএসসি পরীক্ষার অংশগ্রহণের জন্য ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী এবং এসএসসি পরীক্ষার অংশগ্রহণের জন্য ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীগণ বোর্ডের নির্ধারিত সময়সূচির মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে।

কেবলমাত্র শিক্ষা বোর্ড হতে পাঠদানের অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ এই নিবন্ধন কার্যে অংশগ্রহণ করতে পারবে। কোচিং সেন্টার বা শিক্ষার বাণিজ্যিকভাবে পরিচালিত প্রতিষ্ঠানসমূহ যাদের বোর্ড থেকে পাঠদানের অনুমতি/স্বীকৃতি নেই উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ কোন অবস্থাতে উপরোক্ত প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশন করতে পারবেনা।

স্বীকৃতি/পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয়সমূহ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থী ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন করা যাবে না। এ আদেশ অমান্য করা হলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রাথমিকভাবে ১০০ জন পর্যন্ত শিক্ষার্থী রেজিস্ট্রেশন করা যাবে। পরবর্তীতে শ্রেণি শাখা খোলার অনুমতি থাকলে প্রতি শাখার জন্য আরো ৫০ জন করে রেজিস্ট্রেশন করা যাবে। এক্ষেত্রে অনলাইন রেজিস্ট্রেশন করার সময় শ্রেণি শাখা খোলার অনুমতিপত্র সাবমিট করতে হবে।

বোর্ড যেসকল শাখা কিংবা বিষয় বা বিভাগ খোলার অনুমতি দিয়েছে শুধুমাত্র সেসকল শাখা কিংবা বিষয় বা বিভাগে শিক্ষার্থী রেজিস্ট্রেশন করা যাবে। বোর্ডের অনুমতিপ্রাপ্ত শাখা কিংবা বিষয় বা বিভাগ ছাড়া অন্য কোন শাখা বিষয় কিংবা বিভাগে শিক্ষার্থী রেজিস্ট্রেশন করার কলে কোন জটিলতা সৃষ্টি হলে এর সম্পূর্ণ দায়ভার সহগ্ৰীষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বহল করতে হবে।

কোন শিক্ষার্থীর অনলাইন নিবন্ধন হওয়ার পর বিদ্যালয় কর্তৃপক্ষ বোর্ডের অনুমতি ব্যক্তি ছাড়পত্র দিতে পারবেনা। সকল ছাড়পত্রের আবেদন অনলাইনে করতে হবে এবং তা ১ মার্চ হতে ৩১ অক্টোবর এর মধ্যে সম্পন্ন করতে হবে। ১০ম শ্রেণিতে নির্বাচনী পরীক্ষার পর কোন অবস্থাতে ছাড়পত্র প্রদান করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
  
মোহাম্মদ আবুল মনসুর সূরী  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা  
ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান




মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : ২/জেএসসি (নিবন্ধন)/৪৬৭

তারিখ : ০৫/০৩/২০২০

অত্র বোর্ডের আওতাধীন ৮টি জেলার নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার নিবন্ধন ও ছাড়পত্র সংক্রান্ত বিজ্ঞপ্তির স্মারক নম্বর : ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/২০৩৭, তারিখ : ২০/০২/২০২০ পত্রে প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
প্রফেসর দেবশীর্ষ রঞ্জন রায়  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
টেলিফোন : ০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

